



Handwritten signatures and dates: '06/07/19', '06/07/19', '06/07/19'.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
হিসাব ও অর্থ বিভাগ  
১৬, আবদুল গণি রোড, ঢাকা  
Web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.০১৪.১৫-৩২২৬ (১০)

তারিখঃ ২৭/০৭/২০১৭খ্রিঃ।

**বিষয়ঃ iBAS<sup>++</sup> পদ্ধতি বাস্তবায়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক পরিচালিত iBAS<sup>++</sup> পদ্ধতির Budget Execution Module বাস্তবায়নের কাজ চলমান আছে। বিগত ফেব্রুয়ারি/১৭ মাস থেকে প্রধান কার্যালয়সমূহে এর বাস্তবায়ন কার্যক্রম শুরু হলেও বর্তমানে এর পরিধি উপজেলা পর্যায় পর্যন্ত সম্প্রসারণ করা হয়েছে। ফলে অধিদপ্তরসহ মাঠ পর্যায়ের সকল আয়ন বায়ন কর্মকর্তার অনুকূলে সরবরাহ ও সেবা এবং মেসামত ও সংরক্ষণ কোড রেঞ্জের বিভিন্ন খাতের ন্যায় 'বেতন ও ভাতাদি' রেঞ্জের সকল খাতেও চলতি অর্থ বছর থেকেই iBAS<sup>++</sup> পদ্ধতিতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ দিতে হবে। একইসাথে অধিদপ্তর থেকে ম্যানুয়ালি/প্রচলিত বরাদ্দপত্র মারফত এবং iBAS<sup>++</sup> পদ্ধতির মাধ্যমে অর্থ বরাদ্দ প্রদান করা না হলে কর্মকর্তা/কর্মচারীগণের বেতন-ভাতাদিসহ কোন খাতেরই বিলের অর্থ হিসাব বক্ষণ অফিস থেকে উত্তোলন করা সম্ভব হবেনা। তাই সকল আহরণ-ব্যয়ন কর্মকর্তার কার্যালয় থেকে খাতভিত্তিক 'নির্ধারিত ও সঠিক' অর্থের চাহিদা খাদ্য অধিদপ্তরে প্রেরণ করা অত্যাাবশ্যিক। কিন্তু মাঠ পর্যায়ের অনেক কর্মকর্তাই বিষয়টির সাথে পরিচিত নয় বিধায় নির্ধারিত সময়ে সঠিক টাকার হিসাব প্রনয়ণ ও প্রেরণ করা তাদের পক্ষে সম্ভব মর্মে প্রতীয়মান হয় না।

২। উল্লেখিত কারণে, মাঠ পর্যায়ের সকল উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিএসডি ব্যবস্থাপক ও এসএন্ডএমও এবং জেলা খাদ্য নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, সাইলো ও আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক দপ্তরসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে ০১ (এক) দিনের কর্মশালার মাধ্যমে বিষয়টি সম্পর্কে বিস্তারিত ধারণা ও হাতে কলমে প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ০২ (দুই) সদস্যের একটি প্রশিক্ষণ টিম সারাদেশে মোট ১০ (দশ) টি ডেন্যুতে পর্যায়ক্রমে এ কর্মশালা পরিচালনা করবে। সংশ্লিষ্ট ডেন্যুর আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ তাঁর কার্যালয়সহ (প্রশিক্ষণসূচিতে বর্ণিত) সংশ্লিষ্ট জেলা সমূহের সকল উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণের এবং সিএসডি, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, এসএন্ডএমও, সাইলো ও জেলা কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের কর্মশালায় অংশ গ্রহণের বিষয়টি নিশ্চিত করবেন এবং কর্মশালার জন্য উচ্চগতি সম্পন্ন ইন্টারনেট কানেকশনযুক্ত একটি কম্পিউটার ও প্রজেক্টরসহ উপযুক্ত একটি অডিটোরিয়াম/হলরুম/প্রশিক্ষণ রুমের ব্যবস্থা করবেন। কর্মশালা সংক্রান্ত যাবতীয় খরচ ও অংশগ্রহণকারী সকল কর্মকর্তা/কর্মচারীগণের সম্মানী ভাতা খাদ্য অধিদপ্তর হতে বরাদ্দ প্রাপ্তির পর কর্মশালার আয়োজনকারী আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ পরিশোধের ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়া কর্মশালায় অংশ গ্রহণকারী সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীগণ স্ব স্ব কার্যালয় হতে প্রচলিত বিধি মোতাবেক টিএ/ডিএ প্রাপ্য হবেন।

৩। কাজেই এতদসঙ্গে সংযুক্ত প্রশিক্ষণসূচি অনুযায়ী সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/জেলা খাদ্য নিয়ন্ত্রকগণকে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীর শতভাগ উপস্থিতি নিশ্চিতকরণ ও কর্মশালার উপর্যুক্ত স্থান নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

এতে মহাপরিচালকের অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ ১। প্রশিক্ষণ টিমের তালিকা ও প্রশিক্ষণসূচি (০১) এক পাত।

Handwritten signature and date: '২৭/০৭/১৭' (27/07/17)

(স্বপন কৃষ্ণ বণিক)  
পরিচালক  
ফোনঃ ৯৫৫৬৩০৬

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রাজশাহী/বগুড়া/চট্টগ্রাম/সিলেট/বরিশাল।  
জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ/কুমিল্লা/ফরিদপুর।  
স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.০১৪.১৫-  
সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে

Handwritten signature and date: '২৭/০৭/১৭' (27/07/17)  
তারিখঃ ১০/০৮/২০১৭

স্মারক নং-১৩.০৩.০০০০.০০২.০৪.০৪১.১৭-৩২১৩

তারিখঃ ০১/০৮/২০১৭

**অনুলিপিঃ-**

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ২। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৩। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো। আগামী ২৩/০৯/২০১৭ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় আপনাকে/একজন উপর্যুক্ত প্রতিনিধিকে নির্ধারিত কর্মশালায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
- ৪। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম। আগামী ২৩/০৯/২০১৭ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় নির্ধারিত কর্মশালায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
- ৫-৯। জেলা খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম/কক্সবাজার/বান্দরবান/রাঙ্গামাটি/খাগড়াছড়ি। আগামী ২৩/০৯/২০১৭ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় নির্ধারিত কর্মশালায় আপনি ও আপনার জেলাধীন সকল উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণের উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ১০-১১। ব্যবস্থাপক, দেওয়ানহাট/হালিশহর সিএসডি। আগামী ২৩/০৯/২০১৭ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় নির্ধারিত কর্মশালায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
- ১২। অফিস কপি।

Handwritten signature and text: 'আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক' (Regional Food Controller)